ইউনিট ১৩ (খ)

চূড়ান্ত হিসাব অনুশীলন
(Practice of Final Account Preparation)

ভূমিকা
সাধারণভাবে চূড়ান্ত হিসাব প্রণয়ন হিসাবরক্ষণ প্রক্রিয়ার শেষ ধাপ। এরপর চূড়ান্ত হিসাবের বিভিন্ন তথ্য নিয়ে আর্থিক বিশে-ষণ করা হয় এবং সে অনুযায়ী সিদ্ধান্ত নেওয়া হয়। একারণেই চূড়ান্ত হিসাব প্রণয়ন করা সবচেয়ে বেশি গুরুত্বপূর্ণ। এ গুরুত্বের কথা বিবেচনা করেই চূড়ান্ত হিসাব অনুশীলন নামক স্বতন্ত্র একটি ইউনীট অন্তর্ভুক্ত করা হয়েছে। আপনি এ ইউনিট সম্পন্ন করে আপনার ব্যবসায়ের জন্য একটি চূড়ান্ত হিসাব প্রণয়ন করতে সক্ষম হবেন। চূড়ান্ত হিসাব প্রণয়নের সময় নানাবিধ সমন্বয়ের ব্যবহারিক দিক সম্পর্কেও পরিচিত হবেন।

পাঠ-১
বকেয়া ব্যয়, অগ্রিম ব্যয়, বকেরা আয়, অগ্রিম আয় ও সমাপনী মজুদ পণ্য সমন্বয় (Accrued Expenses, Advance Exprenses, Accrued Income, Advance Income & Clossing Stock)

উদ্দেশ্য
এ পাঠ শেষে আপনি
- চূড়ান্ত হিসাবে বকেয়া ব্যয়ের সমন্বয় করতে পারবেন
- অগ্রিম ব্যয়ের সমন্বয় করতে পারবেন
- বকেয়া আয়ের সমন্বয় সাধন করতে পারবেন
- অগ্রিম আয় সমন্বয় সংক্রান্ত বিষয় বর্ণনা করতে পারবেন
- সমাপনী মজুদপণ্যের সমন্বয় প্রক্রিয়া ব্যাখ্যা করতে পারবেন।

বিষয়বস্তু
উদাহরণ ১ :
করিমের নিম্নলিখিত রেওয়ামিল থেকে ২০০৪ সালের ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য ক্রয়-বিক্রয় হিসাব, লাভ-লোকসান হিসাব এবং উক্ত তারিখে ব্যবসায়ের একটি উদ্বৃত্ত পত্র তৈরি করুন।

মি. করিম
রেওয়ামিল
২০০৪ সালের ৩১ ডিসেম্বর

নং	হিসাবের নাম	খ.পৃ.	ডেবিট (টাকা)	ক্রেডিট (টাকা)
১.	মূলধন			৬,০০০
২.	উত্তোলন		৫০০	
৩.	প্রারম্ভিক মজুদ (১-১-০৪)		১,০০০	

নং	হিসাবের নাম	খ.পৃ.	ডেবিট (টাকা)	ক্রেডিট (টাকা)
৪.	আসবাবপত্র		৪৫০	
৫.	দালানকোঠা		৩,০০০	
৬.	বিবিধ দেনাদার		১,০০০	
৭.	বিবিধ পাওনাদার			১,০০০
৮.	পণ্য ক্রয়		২,৫০০	
৯.	পণ্য বিক্রয়			৩,০০০
১০.	ক্রয় ফেরত			৪০০
১১.	বিক্রয় ফেরত		২০০	
১২.	মজুরি		৩০০	
১৩.	বেতন		২৮০	
১৪.	আন্তঃ পরিবহন		৫০	
১৫.	বহিঃ পরিবহন		১০০	
১৬.	শিক্ষানবীশ সেলামী			১০০
১৭.	ভাড়া		৬০	
১৮.	কমিশন		৫০	
১৯.	বিজ্ঞাপন খরচ		১৪০	
২০.	সুদ প্রাপ্তি			৫০
২১.	অনাদায়ী পাওনা		২০	
২২.	নগদ তহবিল		৫০০	
২৩.	ব্যাংক জমার উদ্বৃত্ত		৪০০	
			১০,৫৫০	১০,৫৫০.

সমন্বয় ঃ

১। সমাপনী মজুদ পণ্য ১,৩০০.০০ টাকা।
২। বেতন বকেয়া রয়েছে ২০.০০ টাকা।
৩। ভাড়া অগ্রিম দেয়া হয়েছে ১০.০০ টাকা।
৪। ৫.০০ টাকা সুদ অর্জিত হয়েছে কিন্তু পাওয়া যায় নি।
৫। শিক্ষানবীশ সেলামীর ২০.০০ টাকা অগ্রিম পাওয়া গিয়েছে।

উদাহরণটির সমাধান শুরু করার পূর্বে নিচের বর্ণনাটি পড়ুন। এতে সমাধান করা খুব সহজ হবে।

১. সমাপণী মজুত পণ্য প্রথম সমন্বয়ে ১,৩০০ টাকা মজুদ পণ্যের কথা উল্লেখ আছে। এই আইটেমটিকে ক্রয়-বিক্রয় হিসাবের ক্রেডিট পার্শ্বে এবং উদ্বৃত্তপত্রে সম্পত্তি পার্শ্বে দেখাতে হবে।

২. বকেয়া বেতনটিকে লাভ-লোকসান হিসাবে রেওয়ামিলে উল্লিখিত বেতন ২৮০.০০ টাকার সাথে যোগ করেন এবং বকেয়া বেতন নামে ২০.০০ টাকা উদ্বৃত্তপত্রে দায় পার্শ্বে দেখান।

৩. অগ্রিম ভাড়া রেওয়ামিলে উল্লিখিত ৬০.০০ টাকা ভাড়া থেকে বিয়োগ করুন এবং অগ্রিম ভাড়া নামে ১০.০০ টাকা সম্পত্তি পার্শ্বে দেখান।

৪. অর্জিত সুদ সমন্বয়ের জন্য লাভ লোকসান হিসাবে ক্রেডিট পার্শ্বে রেওয়ামিলে উল্লিখিত সুদ প্রাপ্তি ৫০.০০ টাকার সাথে যোগ করুন এবং বকেয়া সুদ প্রাপ্তি নামে উদ্বৃত্তপত্রের সম্পত্তি পার্শ্বে দেখান।

৫. অগ্রিম শিক্ষানবীশ সেলামী। সমন্বয়ের জন্য লাভ-লোকসান হিসাবে ক্রেডিট পার্শ্বে রেওয়ামিলে শিক্ষানবীশ সেলামী ১০০.০০ টাকার থেকে ২০.০০ টাকা বিয়োগ দিন এবং অগ্রিম শিক্ষানবীশ সেলামি নামে ২০.০০ টাকা উদ্বৃত্ত পত্রে দায় পার্শ্বে দেখান।

উপরের আলোচনা থেকে আমরা নিচের বিষয়গুলো প্রতীয়মান ী

- বকেয়া আয় বা ব্যয় ক্রয়-বিক্রয় বা লাভ-লোকসান হিসাবে নির্দিষ্ট আইটেমের সাথে যোগ করা হয় এবং অগ্রিম আয় বা ব্যয় ক্রয়-বিক্রয় বা লাভ-লোকসান হিসাবে নির্দিষ্ট আইটেম থেকে বিয়োগ করা হয়। উদ্দেশ্য হল নির্দিষ্ট বছরের আয়-ব্যয় ঐ বছরের হিসাবে দেখানো।
- বকেয়া আয় বা অগ্রিম ব্যয় উদ্বৃত্ত পত্রের সম্পত্তি পার্শ্বে এবং বকেয়া ব্যয় বা অগ্রিম আয় উদ্বৃত্ত পত্রের দায় পার্শ্বে দেখানো হয়।

পূর্বের ইউনিটে প্রদত্ত নির্ধারিত চূড়ান্ত হিসাব প্রণয়নের ছকটির সাহায্যে উদাহরণটির সমাধান করি।

সমাধান ১ :

মিঃ করিম

ক্রয়-বিক্রয় হিসাব

২০০৪ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের

ডেঃ ক্রেঃ

বিবরণ	পরিমাণ (টাকা)	বিবরণ	পরিমাণ (টাকা)
টু প্রারম্ভিক মজুদ	১,০০০.০০	বাই পণ্য বিক্রয় ৩,০০০.০০	
" পণ্য ক্রয় ২,৫০০.০০		বিয়োগ, ফেরত ২০০.০০	২,৮০০.০০
বিয়োগ, ফেরত ৪০০.০০	২,১০০.০০	" সমাপনী মজুদ	১,৩০০.০০
" মজুরি	৩০০.০০		
" আন্তঃ পরিবহন	৫০.০০		
" মোট লাভ (লাভ-লোকসান	৬৫০.০০		

	৪,১০০.০০		৪,১০০.০০

মি. করিম
লাভ-লোকসান হিসাব
২০০৪ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের

ডেঃ ক্রেঃ

বিবরণ		পরিমাণ (টাকা)	বিবরণ		পরিমাণ (টাকা)
টু বেতন	২৮০.০০		বাই মোট লাভ		৬৫০.০০
যোগ, বকেয়া	২০.০০	৩০০.০০	(ক্রয়-বিক্রয় হিসাব হতে স্থানান্তরিত)		
" বহিঃ পরিবহন		১০০.০০			
" ভাড়া	৬০.০০		" সুদ প্রাপ্তি	৫০.০০	
বিয়োগ, অগ্রিম	১০.০০	৫০.০০	যোগ, বকেয়া সুদ	৫.০০	৫৫.০০
" কমিশন		৫০.০০	" শিক্ষানবীশ সেলামী	১০০.০০	
" বিজ্ঞাপন		১৪০.০০	বিয়োগ, অগ্রিম	২০.০০	৮০.০০
" অনাদায়ী পাওনা		২০.০০			
" নীট লাভ (মুলধন হিসাবে স্থানান্তরিত)		১২৫.০০			
		৭৮৫.০০			৭৮৫.০০

মি. করিম
উদ্বৃত্ত পত্র
২০০৪ সালের ৩১ ডিসেম্বর তারিখে

মূলধন ও দায়		পরিমাণ (টাকা)	সম্পদ ও সম্পত্তি	পরিমাণ (টাকা)
বকেয়া বেতন		২০.০০	নগদ তহবিল	৫০০.০০
বিবিধ পওনাদার		১,০০০.০০	ব্যাংক জমার উদ্বৃত্ত	৪০০.০০
মূলধন	৬,০০০.০০		মজুদ পণ্য	১,৩০০.০০
(+) নীট লাভ	১২৫.০০		বিবিধ দেনাদার	১,০০০.০০
	৬,১২৫.০০		অগ্রিম ভাড়া	১০.০০
(–) উত্তোলন	৫০০.০০	৫৬২৫.০০	প্রাপ্য সুদ	৫.০০
অগ্রিম শিক্ষানবীশ সেলামী		২০.০০	আসবাবপত্র	৪৫০.০০
			দালান কোঠা	৩,০০০.০০
		৬,৬৬৫.০০		৬,৬৬৫.০০

পাঠ সংক্ষেপ

- বকেয়া আয় বা ব্যয় ক্রয়-বিক্রয় বা লাভ-লোকসান হিসাবের নির্দিষ্ট আইটেমের সাথে যোগ করা হয়। অগ্রিম আয় বা ব্যয় ক্রয়-বিক্রয় বা লাভ-লোকসান হিসাবে নির্দিষ্ট আইটেম থেকে বিয়োগ করা হয়। বকেয়া আয় বা অগ্রিম আয় উদ্বৃত্তপত্রের সম্পত্তি পার্শ্বে দেখানো হয়। অগ্রিম আয় বা বকেয়া ব্যয় উদ্বৃত্ত পত্রের দায় পার্শ্বে দেখানো হুঁ

পাঠোত্তর মূল্যায়ন : ১৩(খ).১

নিচের প্রশ্নগুলোর সমাধান করুন।

১. কামালের নিম্নলিখিত রেওয়ামিল থেকে ২০০৪ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের ক্রয়-বিক্রয় হিসাব ও লাভ-লোকসান হিসাব এবং উক্ত তারিখে একটি উদ্বৃত্ত পত্র তৈরি করুন ঃ

মি. কামাল –এর
রেওয়ামিল
২০০৪ সালের ৩১ ডিসেম্বর

হিসাবের নাম	খ. পৃ.	ডেবিট (টাকা)	ক্রেডিট (টাকা)
মূলধন		.....	৭৫,০০০.০০
উত্তোলন		৫,০০০.০০	
প্রারম্ভিক মজুদ পণ্য (১-১-০৪)		১০,০০০.০০	
বিবিধ দেনাদার		১২,০০০.০০	
বিবিধ পাওনাদার			২০,০০০.০০
বিজ্ঞাপন খরচ		৮০০.০০	
ক্রয়		৩৫,০০০.০০	
শিক্ষানবিশী সেলামী		.....	৮০০.০০
বিক্রয়		.....	৪০,০০০.০০
আমদানী শুল্ক		১,০০০.০০	
আন্তঃ ফেরত		৩,০০০.০০	
বহিঃ ফেরত		.....	২,৫০০.০০
মজুরি		৩,০০০.০০	
বেতন		৫,০০০.০০	
বীমা সেলামী		৫০০.০০	
প্রাপ্য বিল		১০,০০০.০০	
প্রদেয় বিল		......	১৬,০০০.০০
সুনাম		২৩,০০০.০০	
কলকব্জা ও যন্ত্রপাতি		২৩,০০০.০০	
আসবাবপত্র		৮,০০০.০০	
অনাদায়ী পাওনা		৫০০.০০	
ভাড়া		৬০০.০০	
প্রাপ্ত বাট্টা			৫০০.০০
প্রদত্ত বাট্টা		৪০০.০০	
নগদ তহবিল		১০,০০০.০০	
ব্যাংক জমার উদ্বৃত্ত		৪,০০০.০০	
		১,৫৪,৮০০.০০	১,৫৪,৮০০.০০

সমন্বয় ঃ

১। সমাপনী মজুদ পণ্য ২০,০০০.০০ টাকা।
২। মজুরি ও বেতন যথাক্রমে ২০০.০০ টাকা এবং ৫০০.০০ টাকা বকেয়া রয়েছে।
৩। শিক্ষানবীশ সেলামী ২০০.০০ টাকা অগ্রিম পাওয়া গিয়েছে।

২. মিঃ আতিক-এর নিম্ন প্রদত্ত রেওয়ামিল হইতে ২০০৪ সালের ৩১শে ডিসেম্বর তারিখে সমাপ্ত বৎসরের জন্য ক্রয়-বিক্রয় এবং লাভ-লোকসান হিসাব তৈরির করুন এবং উক্ত তারিখে ব্যবসায়ের উদ্বৃত্ত পত্র তৈরি করুন।

মি. আতিক
রেওয়ামিল
৩১শে ডিসেম্বর ২০০৪ সাল

হিসাবের নাম	খঃ পৃঃ	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
মিঃ আতিক-এর মূলধন	....		৩৫,০০০.০০
মিঃ আতিক-এর উত্তোলন	....	৭,৫০০.০০	
আসবাবপত্র	....	২,০০০.০০	
যন্ত্রপাতি	....	১৮,০০০.০০	
পাওনাদার	....		১৩,৫০০.০০
দেনাদার	....	১৮,০০০.০০	
ব্যাংক জমা অতিরিক্ত	....		৪,৫০০.০০
মওজুদ পণ্য (১-১-০২)	....	১৩,৫০০.০০	
ক্রয়	....	৭৭,৮৩০.০০	
বিক্রয়	....		৯২,৬৬০.০০
বিক্রয় ফেরত	....	৪৭০.০০	
মজুরী	....	২,০০০.০০	
ক্রয় পরিবহণ	....	৮৮০.০০	
বিক্রয় পরিবহণ	....	৫০০.০০	
বেতন	....	১,৫০০.০০	
ভাড়া (প্রাপ্ত ও প্রদত্ত)	....	২,২০০.০০	১,২০০.০০
আইন খরচ	....	৩০০.০০	
নিরীক্ষা ফি	....	৫০০.০০	
বাট্টা	....	৬০০.০০	
অনাদায়ী দেনা	....	৪০০.০০	
মেরামত ও নবায়ন	....	৩৫০.০০	
ব্যাংক জমাতিরিক্ত-এর সুদ	....	১৩০.০০	
নগদ তহবিল	....	২০০.০০	
		১,৪৬,৮৬০.০০	১,৪৬,৮৬০.০০

নিম্নলিখিত সমন্বয়গুলি সাধন করা প্রয়োজন ঃ

১. লমাপনী মওজুদ পণ্য ১০,৫০০.০০ টাকায় মূল্যায়ন করা হয়েছে।
২. বেতন এবং মজুরী ৫০০.০০ টাকা ও ৩০০.০০ টাকা বকেয়া রয়েছে।
৩. উপ-ভাড়াটিয়ার নিকট হইতে ভাড়া ১০০.০০ টাকা অগ্রিম গ্রহণ করা হয়েছে।

৩. ২০০৪ সালের ৩১শে ডিসেম্বর পর্যন্ত সমাপ্ত বৎসরের জন্য জনাব মতিয়ারের নিম্নলিখিত রেওয়ামিল অবলম্বন করে। (ক) ক্রয়-বিক্রয় হিসাব ; (খ) লাভ-লোকসান হিসাব এবং (গ) উদ্বৃত্ত পত্র প্রস্তুত করুন ঃ

মিঃ মতিয়ার
রেওয়ামিল
২০০৪ সালের ৩১শে ডিসেম্বর

হিসাবের নাম	খঃ পৃঃ	ডেবিট (টাকা)	হিসাবের নাম	খঃ পৃঃ	ক্রেডিট
কলকব্জা ও যন্ত্রপাতি	......	২,৫০০.০০	মূলধন	......	৬,৮০০.০০
আসবাবপত্র ও ফিটিং	......	৫০০.০০	ঋণ হিসাব	......	১,০০০.০০
ক্রয়	....	১৫,০০০.০০	বিক্রয়	....	৩০,০০০.০০
প্রারম্ভিক মওজুদ পণ্য	......	২,০০০.০০	ফেরত	......	৩০০.০০
ফেরত	......	৪০০.০০	বাট্টা প্রাপ্তি	......	৬০০.০০
বাট্টা	......	৮০০.০০	সন্দেহজনিত দেনা সঞ্চিতি	......	৩০০.০০
ভাড়া	......	২৫০.০০	বিবিধ পাওনাদার	......	২,৩০০.০০
মজুরী	......	৭,৪০০.০০			
উত্তোলন	......	১,৭০০.০০			
বাতি ও তাপ	......	১,০০০.০০			
বীমা	......	৫০.০০			
বেতন	......	১,৬০০.০০			
টেলিফোন	......	২০.০০			
কু-ঋণ	......	৫০০.০০			
বিবিধ খরচ	......	৪০.০০			
ব্যাংক জমা	......	২,০০০.০০			
বিবিধ দেনাদার	......	৫,৫৪০.০০			
		৪১,৩০০.০০			৪১,৩০০.০০

সমন্বয়সমূহ ঃ

১. ২০০৪ সালের ৩১শে ডিসেম্বর তারিখে মওজুদ পণ্য ১,৩০০.০০ টাকা।
২. ২০০৪ সালের ৩১শে ডিসেম্বর তারিখে ভাড়া বকেয়া রয়েছে ৫০.০০ টাকা।
৩. বীমা সেলামী অগ্রিম প্রদত্ত হয়েছে ১০.০০ টাকা।

পাঠ-২ অবচয়, অনাদায়ী পাওনা, অনাদায়ী পাওনা সঞ্চিতির সমন্বয় (Adjustment of Depreciation, Bad Debts and Bad Debt

উদ্দেশ্য

এ পাঠ শেষে আপনি

- চূড়ান্ত হিসাব প্রণয়নে অবচয় সমন্বয় প্রক্রিয়া বর্ণনা করতে পারবেন
- অনাদায়ী পাওনা ও অনাদায়ী পাওনা সঞ্চিতির সমন্বয় পদ্ধতি ব্যাখ্যা করতে পারবেন।

বিষয়বস্তু

নিচের উদাহরণটি লক্ষ্য করুন ঃ

মেসার্স তাহের এন্ড কোং-এর ২০০২ সালের ৩১ ডিসেম্বর তারিখ পর্যন্ত এক বছরের ক্রয়-বিক্রয় ও লাভ-লোকসান হিসাব এবং উক্ত তারিখে একটি উদ্বৃত্ত পত্র তৈরী করুন ঃ

মেসার্স তাহের এন্ড কোং-এর রেওয়ামিল

৩১ ডিসেম্বর, ২০০২ইং

হিসাবের নাম	খ. পৃ.	ডেবিট (টাকা)	ক্রেডিট (টাকা)
মূলধন		......	৫৫,০০০.০০
হাতে নগদ		১০,০০০.০০	
ব্যাংক জমাতিরিক্ত		......	৭,০০০.০০
সুনাম		১০,০০০.০০	
ইজারা সম্পত্তি (১০ বছরের জন্য)		৩০,০০০.০০	
আসবাবপত্র		৭,০০০.০০	
উত্তোলন		৩,০০০.০০	
মজুদ পণ্য (১-১-০২)		১০,০০০.০০	
বিবিধ দেনাদার		২০,০০০.০০	
বিবিধ পাওনাদার		......	২০,০০০.০০
মজুরি		৩,০০০.০০	
বেতন		৫,০০০.০০	
বীমা সেলামী		৪,০০০.০০	
মাল ক্রয়		৪০,০০০.০০	
মাল বিক্রয়		......	৭০,০০০.০০
জাহাজ ভাড়া		১,০০০.০০	
ক্রয় বাট্টা		......	১,০০০.০০
বিনিয়োগ		১০,০০০.০০	
ভ্রমণ খরচ		৫০০.০০	
শিক্ষানবীশ সেলামী		......	১,৫০০.০০
অফিস খরচ		১,০০০.০০	
অনাদায়ী পাওনা		৫০০.০০	
অনাদায়ী পাওনা সঞ্চিতি			৫০০.০০
		১,৫৫,০০০.০০	১,৫৫,০০০.০০

সমন্বয়সমূহ ঃ

১। ৩১-১২-২০০২ তারিখে মজুদ পণ্যের বাজার মূল্য ২৫,০০০.০০ টাকা এবং ক্রয়মূল্য ২৭,০০০.০০ টাকা।
২। মজুরি ও বেতন যথাক্রমে ৫০০.০০ টাকা এবং ৬০০.০০ টাকা বকেয়া রয়েছে।
৩। বীমা সেলামী ১,০০০.০০ টাকা অগ্রিম প্রদান করা হয়েছে।

৪। দেনাদারের ৫০০.০০ টাকা আদায়যোগ্য নয় এবং অবশিষ্ট দেনাদারের উপর ৫% হারে অনাদায়ী পাওনা সঞ্চিতি ধরতে হবে।
৫। বিনিয়োগের উপর ৫% হারে পূর্ণ বছরের সুদ পাওনা রয়েছে।
৬। আসবাবপত্রের উপর ১০% অবচয় ধার্য করা হয়েছে।

মেসার্স তাহের এন্ড কোং-এর চূড়ান্ত হিসাব করার পূর্বে নিচের বিষয়গুলো একবার পড়ুন এবং সেই অনুযায়ী কাজ করুন। এতে সমাধানটি আপনার জন্য সহজ হবে।

১. প্রথম সমন্বয়ে মজুদ পন্যের বাজার মূল্য এবং ক্রয়মূল্যের উল্লেখ রয়েছে। দু'য়ের মধ্যে বাজার মূল্যটি কম। সুতরাং বাজার মূল্যটি ক্রয়-বিক্রয় হিসাবের ক্রেডিট পার্শ্বে দেখান এবং উদ্বৃত্তপত্রের সম্পত্তি পার্শ্বে দেখান।

২. চতুর্থ সমন্বয়ে ৫০০.০০ টাকা অনাদায়ী পাওনার কথা উল্লেখ রয়েছে। এটি নতুন অনাদায়ী পাওনা। লাভ-লোকসান হিসাবে এটিকে রেওয়ামিলে উল্লিখিত ৫০০.০০ টাকার পুরাতন অনাদায়ী পাওনার সাথে যোগ করুন। একই সমন্বয়ে বিবিধ দেনাদার থেকে ৫০০.০০ টাকা নতুন অনাদায়ী পাওনা বাদ দিয়ে অবশিষ্ট দেনাদারের উপর ৫% হারে অনাদায়ী পাওনার সাথে যোগ করুন এবং উদ্বৃত্ত পত্রে বিবিধ দেনাদার থেকে বিয়োগ করুন।

৩. পঞ্চম সমন্বয়ে বিনিয়োগের উপর ৫% হারে পুরো বছরের সুদ ধরতে বলা হয়েছে। রেওয়ামিলে ১০,০০০.০০ টাকা বিনিয়োগ রয়েছে। বিনিয়োগের সুদ হবে ১০,০০০.০০ × ৫% = ৫০০.০০টাকা। বিনিয়োগের সুদ এক ধরনের আয়। সুতরাং এটিকে সমন্বয়ের জন্য লাভ-লোকসান হিসাবের ক্রেডিট পার্শ্বে এবং উদ্বৃত্ত পত্রে বিনিয়োগের সাথে যোগ করে দেখান।

৪. ষষ্ঠ সমন্বয়ে আসবাবপত্রের উপর ১০% অবচয় ধার্য করার কথা বলা হয়েছে। আসবাবপত্রের অবচয় হবে (৭,০০০×১০%) টাকা = ৭০০.০০ টাকা। এই অবচয়টিকে লাভ-লোকসান হিসাবের ডেবিটে দেখান এবং উদ্বৃত্ত পত্রে সম্পত্তি পার্শ্বে আসবাবপত্র থেকে বিয়োগ করেনু

৫. রেওয়ামিলে দেখুন ইজারা সম্পত্তির পার্শ্বে "১০ বছরের জন্য" কথাটি লিখা আছে। এটিও একটি সমন্বয়। সমন্বয় যে শুধু রেওয়ামিলের শেষে থাকবে এমন কোন কথা নয়। রেওয়ামিলের মধ্যেও থাকতে পারে। 'ইজারা সম্পত্তি ১০ বছরের জন্য'-এর অর্থ হল ১০ বছর পর্যন্ত ইজারা সম্পত্তিটি ব্যবহার করা যাবে। সুতরাং ইজারা সম্পত্তির অবচয় হবে ৩০,০০০.০০ ÷ ১০ = ৩,০০০.০০ টাকা। এখন বিষয়টিকে আসবাবপত্রের অবচয়ের মত সমন্বয় করুন। অর্থাৎ ইজারা সম্পত্তির অবচয় বাবদ লাভ-লোকসান হিসাবে ৩,০০০.০ টাকা দেখান এবং উদ্বৃত্ত পত্রে ইজারা সম্পত্তি থেকে ৩,০০০.০০ টাকা বিয়োগ করে দেখান।

এবার আসুন উপরিউক্ত আলোচনার উপর ভিত্তি করে মেসার্স তাহের এন্ড কোং-এর চূড়ান্ত হিসাব প্রণয়ন করি।

মেসার্স তাহের এন্ড কোং
ক্রয়-বিক্রয় হিসাব
২০০২ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের

ডেবিট ক্রেডিট

বিবরণ		পরিমাণ (টাকা)	বিবরণ	পরিমাণ (টাকা)
টু মজুদ পণ্য (১-১-০২)		১০,০০০.০০	বাই বিক্রয়	৭০,০০০.০০
" ক্রয়	৪০,০০০.০০		" সমাপনী মজুদ পণ্য	২৫,০০০.০০
বাদ বাট্টা	১,০০০.০০	৩৯,০০০.০০		
" মজুরি	৩,০০০.০০			
যোগ বকেয়া	৫০০.০০	৩,৫০০.০০		
"জাহাজ ভাড়া		১,০০০.০০		
" মোট লাভ (লাভ-লোকসান হিসাবে স্থানান্তরিত)		৪১,৫০০.০০		
		৯৫,০০০.০০		৯৫,০০০.০০

মেসার্স তাহের এন্ড কোং
লাভ-লোকসান হিসাব
২০০২ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের

বিবরণ		পরিমাণ(টাকা)	বিবরণ	পরিমাণ (টাকা)
টু বেতন	৫,০০০.০০		বাই মোট লাভ (ক্রয়-বিক্রয় হিসাব থেকে স্থানান্তরিত)	৪১,৫০০.০০
যোগ বকেয়া	৬০০.০০	৫,৬০০.০০		
বীমা সেলামী	৪,০০০.০০		" শিক্ষানবীশ সেলামী	১,৫০০.০০
বাদ অগ্রিম প্রদান	১,০০০.০০	৩,০০০.০০	" বিনিয়োগের বকেয়া সুদ	৫০০.০০
" ভ্রমণ খরচ		৫০০.০০		
" অফিস খরচ		১,০০০.০০		
" অনাদায়ী পাওনা	৫০০.০০			
যোগ নতুন অনাদায়ী পাওনা	৫০০.০০			
	১,০০০.০০			
যোগ নতুন অনাদায়ী পাওনা সঞ্চিতি	৯৭৫.০০			
	১,৯৭৫.০০			
বাদ পুরানো অনাদায়ী পাওনা সঞ্চিতি	৫০০.০০	১,৪৭৫.০০		
" আসবাবপত্রের অবচয়		৭০০.০০		
" ইজারা সম্পত্তির অবলোপন		৩,০০০.০০		
" নীট লাভ (মূলধন হিসাবে স্থানান্তরিত)		২৮,২২৫.০০		
		৪৩,৫০০.০০		৪৩,৫০০.০০

মেসার্স তাহের এন্ড কোং
উদ্বৃত্ত পত্র
২০০২ সালের ৩ ডিসেম্বর তারিখে

মূলধন ও দায়সমূহ		পরিমাণ (টাকা)	সম্পত্তিসমূহ		পরিমাণ (টাকা)
মূলধন	৫৫,০০০.০০		সুনাম		১০,০০০.০০
যোগ নীট লাভ	২৮,২২৫.০০		ইজারা সম্পত্তি	৩০,০০০.০০	
	৮৩,২২৫.০০		বাদ অবলোপন	৩,০০০.০০	
বাদ উত্তোলন	৩,০০০.০০	৮০,২২৫.০০			২৭,০০০.০০
			আসবাবপত্র	৭,০০০.০০	
			বাদ অবচয়	৭০০.০০	
					৬,৩০০.০০
বিবিধ পাওনাদার		২০,০০০.০০	সমাপনী পণ্য		২৫,০০০.০০০
ব্যাংক জমাতিরিক্ত		৭,০০০.০০	বিনিয়োগ	১০,০০০.০০	
বকেয়া দেনাসমূহ ঃ			যোগ বকেয়া সুদ	৫০০.০০	১০,৫০০.০০
মজুরি	৫০০.০০		দেনাদার	২০,০০০.০০	
বেতন	৬০০.০০	১,১০০.০০	বাদ : অনাদায়ী পাওনা	৫০০.০০	
				১৯,৫০০.০০	
			বাদ : পাওনা সঞ্চিতি	৯৭৫.০০	১৮,৫২৫.০০
			অগ্রিম প্রদত্ত বীমা সেলামী		১,০০০.০০
			হাতে নগদ		১০,০০০.০০
		১,০৮,৩২৫.০০			১,০৮,৩২৫.০০

পাঠোত্তর মূল্যায়ন : ১৩(খ).২

১। শিমুর নিম্ন প্রদত্ত রেওয়ামিল থেকে ২০০৪ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের ক্রয়-বিক্রয় হিসাব ও লাভ-লোকসান হিসাব এবং উক্ত তারিখের একটি উদ্বৃত্ত পত্র তৈরী করুন ঃ

শিমু
রেওয়ামিল
৩১ ডিসেম্বর, ২০০৪

হিসাবের নাম	খ.পৃ	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
মূলধন			৫০,০০০.০০
উত্তোলন		৪,৪০০.০০	
৬% হারে বন্ধকী ঋণ (১-৭-০৪)			৫,০০০.০০
বিবিধ দেনাদার ও পাওনাদার		৩০,০০০.০০	২৫,৫০০.০০
আসবাবপত্র		৫,০০০.০০	
দালানকোঠা		৪২,০০০.০০	
মজুদ পণ্য (১-১-০৪)		১৫,০০০.০০	
ক্রয় এবং বিক্রয়		৬৬,৯০০.০০	৯১,৪০০.০০
পণ্য ফেরত		১,৪০০.০০	৯০০.০০
মজুরি		৮০০.০০	
বেতন		১,২০০.০০	
কারবারী খরচ		২,০০০.০০	
ভাড়া		১,৫০০.০০	
বীমা		৫০০.০০	
অনাদায়ী পাওনা সঞ্চিতি		....	১,০০০.০০
হাতে নগদ		৬০০.০০	
ব্যাংকে জমা		২,৫০০.০০	
মোট -		১,৭৩,৮০০.০০	১,৭৩,৮০০.০০

সমন্বয়সমূহ

১। সমাপনী মজুদ পণ্য ১২,০০০.০০ টাকায় মূল্যায়ন করা হয়েছে।

২। ৬% হারে বন্ধকী ঋণের সুদ বকেয়া রয়েছে।

৩। মজুরি ২০০.০০ টাকা এবং বেতন ৩০০.০০ টাকা বকেয়া রয়েছে। পক্ষান্তরে বীমা অগ্রিম প্রদান করা হয়েছে ১০০.০০ টাকা।

৪। দেনাদারের ২,০০০.০০ টাকা অনাদায়ী পাওনা বাবদ অবলোপন করতে হবে এবং অবশিষ্ট দেনাদারের উপর ৫% হারে অনাদায়ী পাওনা সঞ্চিতির ব্যবস্থা করতে হবে।

৫। আসবাবপত্রের উপর ৫% এবং দালানকোঠার উপর ২.৫% হারে অবচয় ধার্য করতে হবে।

২. জনাব তাওহীদের ব্যবসায়ের নিম্নলিখিত রেওয়ামিল অবলম্বন করে ২০০৪ সালের ৩১শে ডিসেম্বর পর্যন্ত সমাপ্ত বৎসরের জন্য
(ক) ক্রয়-বিক্রয় হিসাব ;
(খ) লাভ-লোকসান হিসাব; এবং
(গ) উক্ত তারিখের উদ্বৃত্ত পত্র প্রস্তুত করুন ঃ

মিঃ তাওহীদ
রেওয়ামিল
৩১শে ডিসেম্বর ২০০৪

বিবরণ	খঃ পৃঃ	ডেবিট (টাকা)	বিবরণ	খঃ পৃঃ	ক্রেডিট (টাকা)
মওজুদ পণ্য (১-১-০২)	....	১০,০০০.০০	মূলধন	....	৫০,০০০.০০
বিবিধ দেনাদার	....	২০,০০০.০০	ক্রয়ের উপর বাট্টা	....	৩,০০০.০০
যন্ত্রপাতি	....	১৫,০০০.০০	বিক্রয়	....	৭৫,০০০.০০
ক্রয়	....	৫৫,০০০.০০	প্রদেয় বিল	....	১৫,০০০.০০
কারখানার খরচ	....	৫,০০০.০০	বিবিধ পাওনাদার	....	৪০,০০০.০০
অফিস বেতন	....	৭,০০০.০০	কু-ঋণ সঞ্চিতি	....	৪,০০০.০০
আমদানি শুল্ক	....	৬,০০০.০০	ব্যাংক জমাতিরিক্ত উত্তোলন	....	১২,০০০.০০
বিক্রয় ফেরত	....	৩,০০০.০০			
মজুরী	....	২০,০০০.০০			
রপ্তানি শুল্ক	....	৯,০০০.০০			
উত্তোলন	....	১৭,০০০.০০			
বেতন	....	৪,০০০.০০			
ভ্রমণ খরচ	....	৩,০০০.০০			
মনিহারী	....	২,০০০.০০			
কু-ঋণ	....	২,৫০০.০০			
বাট্টা	....	১,০০০.০০			
হাতে নগদ	....	১৪,০০০.০০			
বিজ্ঞাপন	....	৫,০০০.০০			
সুদ	....	৫০০.০০			
		১,৯৯,০০০.০০			১,৯৯,০০০.০০

সমন্বয়সমূহ ঃ

ক) উক্ত তারিখে ক্রয় মূল্যে মওজুদ পণ্যের পরিমাণ ছিল ৬০,০০০.০০ টাকা কিন্তু উক্ত তারিখে এর বাজার মূল্য ছিল ৪০,০০০.০০ টাকা।

ক) বিবিধ দেনাদার-এর ৫০০.০০ টাকা আদায়যোগ্য নয় এবং দেনাদার-এর উপর ৫% কু-ঋণ সঞ্চিতি তৈয়ার করুন।

গ) মাসিক ১০০.০০ টাকা হারে বৎসরের ভাড়া বকেয়া রয়েছে।

ঘ) যন্ত্রপাতির অবচয় ১০%।

৩. ২০০৪ সালের ৩১শে ডিসেম্বর তারিখে প্রস্তুত জনাব রাসেলের রেওয়ামিল নিম্নরূপ ছিল ঃ

জনাব রাসেল

রেওয়ামিল

৩১শে ডিসেম্বর ২০০৪ সাল

হিসাবের নাম	খঃ পৃঃ	ডেবিট (টাকা)	ক্রেডিট (টাকা)
জনাব রাসেলের মূলধন	....		২৯,০০০.০০
ক্রয়	....	১,৪১,৭০০.০০	
মজুরী	....	৮৬০.০০	
বিক্রয়	....		১,২০,২৯০.০০
৫% হারে লগ্নি (১-৪-২০০৪)	....	২,০০০.০০	
প্রারম্ভিক মজুদ পণ্য (১-১-২০০৪)	....	১,৭৬০.০০	
বেতন	....	২,০০০.০০	
লগ্নির উপর প্রাপ্ত সুদ	....		৫০.০০
ব্যাংকে জমা	....	৩০০.০০	
কলকব্জা ও যন্ত্রপাতি	....	৬০০.০০	
জনাব রাসেলের উত্তোলন	....	১,২০০.০০	
বিবিধ দেনাদার	....	৩৬০.০০	
সাধারণ খরচাবলী	....	৫৬৮.০০	
ভাড়া	....	৪৯৫.০০	
বৈদ্যুতিক খরচ	....	২২৪.০০	
আন্তঃফেরত ও বহিঃফেরত	....	১২৬.০০	৪৫০.০০
ক্রয়ের উপর বাট্টা	....		৫০.০০
আন্তঃ পরিবহন	....	১২০.০০	
বহিঃ পরিবহন	....	৫০.০০	
বীমা সেলামী	....	৪১.০০	
বাট্টা	....	৬০.০০	৩৭.০০
অনাদায়ী দেনা সঞ্চিতি	....		২৮০.০০
বিবিধ পাওনাদার	....		৭০৭.০০
সাধারণ সঞ্চিতি	....		১৬০০.০০
		১,৫২,৪৬৪.০০	১,৫২,৪৬৪.০০

সমন্বয়সমূহ ঃ

১. সমাপনী মওজুদ ১২,৯৩০.০০ টাকা। কিন্তু এর বাজার মূল্য ১১,০০০.০০ টাকা।
২. ঘর ভাড়া বকেয়া আছে ১০৫.০০ টাকা।
৩. অনাদায়ী দেনা ৬২৫.০০ টাকা। অবশিষ্ট দেনাদারের উপর ৫% অনাদায়ী দেনা সঞ্চিতি করুন।
৪. কলকব্জা ও যন্ত্রপাতির উপর ১০% হারে অবচয় ধার্য করুন।
৫. লগ্নির উপর সুদ পাওনা রয়েছে।
৬. মূলধনের উপর এবং উত্তোলনের উপর ৫% সুদ ধরুন।
৭. অগ্রিম বীমা সেলামী প্রদান ১১.০০ টাকা।

২০০২ সালের ৩১শে ডিসেম্বর তারিখে সমাপ্ত বৎসরের-(ক) ক্রয়-বিক্রয় হিসাব; (খ) লাভ-লোকসান হিসাব; এবং (গ) উক্ত তারিখের উদ্বৃত্ত পত্র তৈরি করুন।

৪. ছথাব তানভীরের নিম্নলিখিত রেওয়ামিল হইতে ২০০৪ সালের ৩১শে ডিসেম্বর সমাপ্ত বৎসরের (ক) ক্রয়-বিক্রয় হিসাব; (খ) লাভ-ক্ষতি হিসাব; এবং (গ) উক্ত তারিখে উদ্বৃত্ত পত্র প্রস্তুত করুন ঃ

জনাব তানভীর
রেওয়ামিল
৩১শে ডিসেম্বর ২০০৪

হিসাবের নাম	খঃ পৃঃ	ডেবিট (টাকা)	ক্রেডিট (টাকা)
মূলধন			১,০০,০০০.০০
উত্তোলন		৬,০০০.০০	
ইজারা সম্পত্তি (২০ বৎসর বলবৎযোগ্য)		৩০,০০০.০০	
যন্ত্রপাতি		৩৫,০০০.০০	
১০% বিনিয়োগ (১-৭-২০০৪)		৫০,০০০.০০	
আসবাবপত্র		১০,০০০.০০	
মজুদ পণ্য (১-১-২০০৪)		৮,৫০০.০০	
পণ্য ক্রয়		৫০,৫০০.০০	
পণ্য বিক্রয়			৭০,০০০.০০
আন্তঃ ফেরত		১,৪০০.০০	
বহিঃ ফেরত			২,৫০০.০০
মজুরি		১০,০০০.০০	
বেতন		৬,০০০.০০	
ভাড়া		৫,৬০০.০০	
বিজ্ঞাপন		৫,৫০০.০০	
মনিহারি		১,৪০০.০০	
রপ্তানি শুল্ক		৩,৬০০.০০	
দালান-কোঠা		২০,০০০.০০	
আমদানী শুল্ক		১,৫০০.০০	
বীমা সেলামী		১,২০০.০০	
ব্যাংক চার্জ		৩০০.০০	
১২% ঋণ (১-৭-২০০৪)			২০,০০০.০০
ঋণের সুদ		৫০০.০০	
বিবিধ দেনাদার		১৫,০০০.০০	
বিবিধ পাওনাদার			১৮,০০০.০০
ব্যাংক জমা		২,০০০.০০	
হাতে নগদ		১,৫০০.০০	
সাধারণ সঞ্চিতি			৫৫,০০০.০০
		২,৬৫,৫০০.০০	২,৬৫,৫০০.০০

সমন্বয়সমূহ ঃ

১. সমাপনী মজুদ পণ্য ২০,৫০০.০০ টাকা মূল্যায়ন করা হয়েছে।

২. মজুরি ২,০০০.০০ টাকা এবং বেতন ২,৫০০.০০ টাকা বকেয়া রয়েছে ; পক্ষান্তরে ভাড়া ১,৫০০.০০ টাকা অগ্রিম প্রদত্ত হয়েছে।
৩. বিজ্ঞাপন খরচের অর্ধাংশ পরবর্তী বৎসরের জন্য বিলম্বিত করতে হবে।
৪. বিবিধ দেনাদারদের ১,০০০.০০ টাকা আদায়যোগ্য নয় এবং অবশিষ্ট দেনাদারের উপর ৫% অনাদায়ী দেনা সঞ্চিতি তৈরি করতে হবে।
৫. যন্ত্রপাতির ৫%, দালান-কোঠার ২% এবং আসবাবপত্রের ১০% অবচয় ধার্য করতে হবে।

৫. ২০০৪ সালের ৩১শে ডিসেম্বর তারিখে মেসার্স আশরাফ এন্ড কোং-এর রেওয়ামিল নিম্নে প্রদত্ত হল ঃ

মেসার্স আশরাফ এন্ড কোং
রেওয়ামিল
৩১শে ডিসেম্বর ২০০৪

হিসাবের নাম	খঃ পৃঃ	ডেবিট (টাকা)	ক্রেডিট (টাকা)
প্রারম্ভিক মওজুদ পণ্য		৯,৫০০.০০	
কলকব্জা		৪০,০০০.০০	
আসবাবপত্র		৫,০০০.০০	
ইজারা সম্পত্তি (১০ বৎসর)		২৫,০০০.০০	
সঞ্চিতি তহবিল			৫০,০০০.০০
ক্রয় পরিবহণ		৪,৫০০.০০	
পণ্য ক্রয় ও পণ্য বিক্রয়		৭৫,৫০০.০০	১,৪৬,৫০০.০০
বিক্রয় ফেরত		২,৫০০.০০	
ক্রয় ফেরত			১,৫০০.০০
বিক্রয় পরিবহণ		৩,০০০.০০	
শুল্ক		৭,৫০০.০০	
মজুরি		৮,৫০০.০০	
বেতন		১৬,০০০.০০	
বাট্টা প্রাপ্তি			৩,৬০০
বীমা সেলামী		১,৫০০.০০	
বিজ্ঞাপন		১২,০০০.০০	
১২% বিনিয়োগ (১-৭-২০০৪ তারিখে ক্রীত)		৩০,০০০.০০	
বিনিয়োগের সুদ			৯০০.০০
অনাদায়ী দেনা সঞ্চিতি			২,৫০০.০০
বিবিধ দেনাদার এবং বিবিধ পাওনাদার		৪১,৫০০.০০	৩৫,০০০.০০
নগদ তহবিল		৫০০.০০	
ব্যাংক জমার উদ্বৃত্ত		৩,০০০.০০	
মূলধন			৬০,০০০.০০
উত্তোলন		৫,৫০০.০০	
ভাড়া		৯,০০০.০০	
		৩,০০,০০০০.০০	৩,০০,০০০.০০

সমন্বয়সমূহ ঃ

১. সমাপনী পণ্য ২৫,০০০.০০ টাকায় মূল্যায়ন করা হয়েছে।
২. বেতন ও ভাড়া যথাক্রমে ২,০০০.০০ টাকা এবং ১,০০০.০০ টাকা বকেয়া রয়েছে, পক্ষান্তরে বীমা সেলামী ৫০০.০০ টাকা অগ্রিম প্রদত্ত হয়েছে।
৩. বিজ্ঞাপন খরচের দুই-তৃতীয়াংশ বিলম্বিত করতে হবে।

৪. কলকব্জার ৫% এবং আসবাবপত্রের ১০% অবচয় ধার্য করতে হবে।

৫. বিবিধ দেনাদারের ১,৫০০.০০ টাকা আদায়যোগ্য নয় এবং অবশিষ্ট দেনাদারের উপর ৫% ধরে অনাদায়ী দেনা সঞ্চিতি তৈরি করতে হবে।

আপনার করণীয় ঃ ২০০৪ সালের ৩১শে ডিসেম্বর তারিখে সমাপ্ত বৎসরের জন্য (ক) ক্রয়-বিক্রয় হিসাব; (খ) লাভ-লোকসান হিসাব এবং (গ) উক্ত তারিখে ব্যবসায়ের উদ্বৃত্ত পত্র প্রস্তুত করুন।

৬. মেসার্স ফারুক এন্ড কোং-এর নিম্ন প্রদত্ত রেওয়ামিল থেকে ২০০৪ সালের ৩১শে ডিসেম্বর তারিখের সমাপ্ত বৎসরের ক্রয়-বিক্রয় ও লাভ-লোকসান হিসাব তৈরি করুন এবং উক্ত তারিখে ব্যবসায়ের উদ্বৃত্ত পত্র প্রস্তুত করুন ঃ

মেসার্স ফারুক এন্ড কোং
রেওয়ামিল
৩১শে ডিসেম্বর ২০০৪

হিসাবের নাম	খঃ পৃঃ	ডেবিট (টাকা)	ক্রেডিট (টাকা)
মিঃ ফারুকের মূলধন			৬০,০০০.০০
মিঃ ফারুকের উত্তোলন		৫,৫০০.০০	
বিবিধ দেনাদার ও পাওনাদার		৩০,০০০.০০	১৮,০০০.০০
মওজুদ পণ্য (১-১-২০০৪)		১৭,৫০০.০০	
ঘোড়া ও গরুর গাড়ি		৫,০০০.০০	
মোটর গাড়ি		৮,০০০.০০	
আসবাবপত্র		৩,০০০.০০	
ভূমি এবং দালান কোঠা		১৫,০০০.০০	
ক্রয় এবং বিক্রয়		৬৫,৫০০.০০	১,০০,৩৫০.০০
ফেরত		২,৩৫০.০০	৫০০.০০
মজুরি		১,৫০০.০০	
বেতন		৪,৮০০.০০	
কারবার খরচ		১,৮০০.০০	
দপ্তর খরচ		১,২০০.০০	
ভাড়া		২,৫০০.০০	
উপ-ভাড়াটিয়ার নিকট হইতে ভাড়া প্রাপ্তি			৫০০.০০
বিজ্ঞাপন		৯৫০.০০	
ক্রয় পরিবহণ		১,২০০.০০	
বিক্রয় পরিবহণ		৯০০.০০	
অনাদায়ী দেনা		৮০০.০০	
বীমা সেলামী		৭০০.০০	
যাতায়াত খরচ		১,২০০.০০	
অডিটর-এর ফি		৮০০.০০	
প্রাপ্য বিল ও প্রদেয় বিল		৬,০০০.০০	৪,৪০০.০০
অনাদায়ী দেনা সঞ্চিতি			১,৬০০.০০
নগদ তহবিল		১,১৫০.০০	
ব্যাংক জমার উদ্বৃত্ত		৮,০০০.০০	
		১,৮৫,৩৫০.০০	১,৮৫,৩৫০.০০

সমন্বয়সমূহ ঃ

১. বেতন ৮০০.০০ টাকা; মজুরি ৫০০.০০ টাকা এবং দপ্তর খরচ ২০০.০০ টাকা বকেয়া রয়েছে।
২. বীমা সেলামী ৩০০.০০ টাকা এবং ভাড়া ৫০০.০০ টাকা অগ্রিম প্রদত্ত হয়েছে।
৩. বিবিধ দেনাদার-এর উপর ৫% ধরে অনাদায়ী দেনা সঞ্চিতি তৈরি কর।
৪. আসবাবপত্রের ২০%, মোটর গাড়ীর ১০% ঘোড়া ও গরুর গাড়ীর ১৫% এবং ভূমি ও দালান-কোঠায় ২% অবচয় ধার্য করতে হবে।
৫. সমাপনী মওজুদ পণ্য ১২,৫০০.০০ টাকা মূল্যায়ন হয়েছে।
৭. ২০০৪ সালের ৩১শে ডিসেম্বর তারিখে প্রস্তুত মেসার্স রিপন এন্ড সন্স-এর রেওয়ামিল নিম্নে প্রদত্ত হলঃ

মেসার্স রিপন এন্ড সন্স
রেওয়ামিল
৩১শে ডিসেম্বর ২০০৪ সাল

হিসাবের নাম	খঃ পৃঃ	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
কলকব্জা		৫০,০০০.০০	
ইজারা সম্পত্তি (১২ বৎসর পর্যন্ত)		৭২,০০০.০০	
আসবাবপত্র		১০,০০০.০০	
মিঃ রিপনের মূলধন			১,০০,০০০.০০
১০% ঋণ (১-১-২০০৪)			৩০,০০০.০০
বিবিধ পাওনাদার			৪০,০০০.০০
মিঃ রিপনের উত্তোলন		১৮,০০০.০০	
মওজুদ পণ্য (১-১-২০০৪)		১৬,৫০০.০০	
১৫% বিনিয়োগ (১-৭-২০০৪)		২০,০০০.০০	
পণ্য ক্রয় এবং পণ্য বিক্রয়		১,৮৫,৫০০.০০	৩,৭২,৫০০.০০
বিক্রয় ফেরত এবং ক্রয় ফেরত		৩,৫০০.০০	২,৫০০.০০
মজুরি		১০,৫০০.০০	
পরিবহণ		৪,৫০০.০০	
রফতানি শুল্ক		৫,০০০.০০	
বেতন		৪২,৫০০.০০	
ভাড়া		৮,৫০০.০০	
বীমা সেলামী		১,৫০০.০০	
বিজ্ঞাপন		৪৮,৫০০.০০	
ঋণের সুদ		১,৫০০.০০	
ক্রয় বাট্টা			২,০০০.০০
বিনিয়োগ-এর সুদ			১,০০০.০০
অনাদায়ী দেনা সঞ্চিতি			২,০০০.০০
বিবিধ দেনাদার		৩১,০০০.০০	
নগদ তহবিল		১,৫০০.০০	
ব্যাংক জমার উদ্বৃত্ত		১৯,৫০০.০০	
		৫,৫০,০০০.০০	৫,৫০,০০০.০০

সমন্বয়সমূহ ঃ

১. ২০০৪ সালের ৩১শে ডিসেম্বর তারিখে সমাপনী মওজুদ পণ্য ২০,৫০০.০০ টাকায় মূল্যায়িত হয়েছে ;
২. একটি নতুন মেশিনের সংস্থাপন ব্যয় ৩,৫০০.০০ টাকা মজুরির অন্তর্ভুক্ত রয়েছে। পক্ষান্তরে, মজুরি ২,০০০.০০ টাকা এখনও বকেয়া রয়েছে ;
৩. বেতন ৩,০০০.০০ টাকা এবং ভাড়া ৩,৫০০.০০ টাকা এখনও বকেয়া রয়েছে। পক্ষান্তরে, বীমা-সেলামী ৩০০.০০ টাকা অগ্রিম প্রদত্ত হয়েছে ;
৪. বিজ্ঞাপনের উদ্দেশ্যে ১,৫০০.০ টাকা মূল্যের পণ্য বিনামূল্যে ভোক্তাদিগের মধ্যে বিতরণ করা হইয়াছে ; কিন্তু ইহা এখনও হিসাবভুক্ত হয় নাই। আবার মোট বিজ্ঞাপন খরচের অর্ধাংশ বিলম্বিত করতে হবে ;
৫. বিবিধ দেনাদারের ১,০০০.০০ টাকা আদায়যোগ্য নয় ; এবং অবশিষ্ট দেনাদারের উপর ১০% ধরে অনাদায়ী দেনা সঞ্চিতি তৈরি করতে হবে ;
৬. কলকব্জার ১০% এবং আসবাবপত্রের ২০% অবচয় ধার্য করতে হবে।

আপনার করণীয় ঃ

১. ২০০৪ সালের ৩১শে ডিসেম্বর তারিখে সমাপ্ত বৎসরের জন্য ব্যবসায়ের ক্রয়-বিক্রয় এবং লাভ-লোকসান হিসাব; এবং
২. উক্ত তারিখে ব্যবসায়ের উদ্বৃত্ত পত্র প্রস্তুত করতে হবে।

পাঠ-৩

মালিকের পণ্য উত্তোলন, অব্যবহৃত মনিহারী এবং দেনাদারের উপর বাট্টা সঞ্চিতির সমন্বয়
(Adjustment of Drawings by the Owner, Unused Stationary and Reserve for Discount on Debtors)

উদ্দেশ্য

এ পাঠ শেষে আপনি

- মালিক কর্তৃক পণ্য উত্তোলনের সমন্বয় করতে পারবেন
- অব্যবহৃত মনিহারি পণ্যের সমন্বয় করতে পারবেন
- দেনাদারের উপর বাট্টা সঞ্চিতির সমন্বয় প্রক্রিয়া বর্ণনা করতে পারবেন।

বিষয়বস্তু

নিচের রেওয়ামিলটি লক্ষ্য করুন :

জনাব শহীদের নিম্নোক্ত রেওয়ামিল থেকে ২০০২ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের ক্রয় বিক্রয় হিসাব ও লাভ-লোকসান হিসাব তৈরি করুন এবং উক্ত তারিখে একটি উদ্বৃত্ত পত্র প্রস্তুত করুন ঃ

জনাব শহীদ-এর রেওয়ামিল

২০০২ সালের ৩১ ডিসেম্বর

হিসাবের নাম		খ. পৃ.	ডেবিট (টাকা)	ক্রেডিট (টাকা)
দেনাদার	....		২০,০০০.০০	
ম *লধন*	....		......	৬০,০০০.০০
পাওনাদার	....		......	১০,০০০.০০
মজুদ পণ্য (১-১-০২)	....		১৫,০০০.০০	
হাতে নগদ	....		৫,০০০.০০	
ক্রয়	....		২৫,০০০.০০	
ব্যাংকে জমা	....		১০,০০০.০০	
কলকব্জা	....		১০,০০০.০০	
ঘোড়া ও গাড়ি	....		১৫,০০০.০০	
আয়কর	....		২,০০০.০০	
৬% হারে বিনিয়োগ	....		১০,০০০.০০	
বিক্রয়	....		......	৫০,০০০.০০
৫% ঋণ	....		....	২০,০০০.০০
মজুরি	....		৬,০০০.০০	
বেতন	....		১০,০০০.০০	
বিনিয়োগের সুদ	....		......	৩০০.০০
অনাদায়ী পাওনা	....		২,০০০.০০	
অনাদায়ী পাওনা সঞ্চিতি	....		......	৫০০.০০
উত্তোলন	....		১০,০০০.০০	
বৈদ্যুতিক বাতি	....		১,৩০০.০০	
ফেরত	....		৩,০০০.০০	২,০০০.০০
কমিশন	....		২,০০০.০০	৩,০০০.০০
মনিহারী	....		৫০০.০০	
সাধারণ সঞ্চিতি	....		......	১,০০০.০০
			১,৪৬,৮০০.০০	১,৪৬,৮০০.০০

নিম্নলিখিত বিষয়গুমোর সমন্বয় সাধন করতে হবে ঃ

১। ৩১-১২-২০০২ তারিখে মজুদ পণ্য ১০,০০০.০০ টাকায় মূল্যায়ন করা হয়েছে।
২। মালিক কর্তৃক পণ্য উত্তোলিত হয়েছে ৫,০০০.০০ টাকা কিন্তু তা এখনও হিসাবভুক্ত হয়নি।
৩। মজুরি ৫০০.০০ টাকা বকেয়া রয়েছে। পক্ষান্তরে বেতন ১,০০০.০০ টাকা অগ্রিম প্রদান করা হয়েছে।
৪। ৬ মাসের বিনিয়োগের সুদ বকেয়া রয়েছে।
৫। পূর্ণ বছরের ঋণের সুদ বকেয়া রয়েছে।
৬। ৫% হারে দেনাদারের উপর অনাদায়ী পাওনা সঞ্চিতি এবং অবশিষ্ট দেনাদারের উপর ২.৫% হারে বাট্টা সঞ্চিতির ব্যবস্থা করতে হবে।
৭। কলকজার উপর ৫% এবং ঘোড়া ও গাড়ির উপর ১০% হারে অবচয় ধরতে হবে।
৮। অব্যবহৃত মনিহারী দ্রব্যের মূল্য ১০০.০০ টাকা।

সমাধান :

জনাব শহীদ

ক্রয়-বিক্রয় ও লাভ-লোকসান হিসাব
২০০২ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য

ডেবিট ক্রেডিট

বিবরণ		পরিমাণ (টাকা)	বিবরণ	পরিমাণ (টাকা)
টু মজুদ পণ্য (১-১-০২)		৫,০০০.০০	বাই বিক্রয় ৫০,০০০.০০	
" ক্রয়	২৫,০০০.০০		বাদ ফেরত ৩,০০০.০০	৪৭,০০০.০০
বাদ ফেরত	২,০০০.০০		মজুদ পণ্য (৩১-১২-০২)	১০,০০০.০০
	২৩,০০০.০০			
বাদ মালিক কর্তৃক পণ্য উত্তোলন	৫,০০০.০০	১৮,০০০.০০		
" মজুরি	৬,০০০.০০			
যোগ বকেয়া	৫০০.০০	৬,৫০০.০০		
টু মোট লাভ (লাভ-লোকসান হিসাবে স্থানান্তরিত)		১৭,৫০০.০০		
		৫৭,০০০.০০		৫৭,০০০.০০
টু বেতন	১০,০০০.০০			
বাদ অগ্রিম	১,০০০.০০	৯,০০০.০০	বাই বিনিয়োগের সুদ ৩০০,০০	
" বৈদ্যুতিক খরচ		১,৩০০.০০	যোগ বকেয়া ৩০০.০০	৬০০.০০
" কমিশন		২,০০০.০০		
" ঋণের বকেয়া সুদ		১,০০০.০০	" কমিশন	৩,০০০.০০
" অনাদায়ী পাওনা	২,০০০.০০		বাই মোট লাভ (ক্রয়-বিক্রয় হিসাব থেকে স্থানান্তরিত)	১৭,৫০০.০০
যোগ নতুন অনাদায়ী পাওনা সঞ্চিতি	১,০০০.০০			
	৩,০০০.০০			
বাদ পুরনো অনাদায়ী পাওনা সঞ্চিতি	৫০০.০০	২,৫০০.০০		
টু দেনাদার বাট্টা সঞ্চিতি		৪৭৫.০০		
" অবচয় ঃ				
কলকজা ৫%	১,৫০০.০০			
ঘোড়া ও গাড়ি ১০%	৫০০.০০	২,০০০.০০		
" মনিহারি	৫০০.০০			
বাদ অব্যবহৃত মনিহারি	১০০.০০	৪০০.০০		
টু নীট লাভ (মূলধন হিসাবে স্থানান্তরিত)		২,৪২৫.০০		

		২১,১০০.০০		২১,১০০.০০

জনাব শহীদ-এর উদ্বৃত্ত পত্র
২০০২ সালের ৩১ ডিসেম্বর তারিখে

মূলধন ও দায়সমূহ		পরিমাণ (টাকা)	সম্পত্তিসমূহ		পরিমাণ (টাকা)
বকেয়া মজুরি		৫০০.০০	হাতে নগদ		৫,০০০.০০
৫% ঋণ	২০,০০০.০০		ব্যাংক জমা		১০,০০০.০০
যোগ বকেয়া সুদ	১,০০০.০০	২১,০০০.০০	মজুদ পণ্য		১০,০০০.০০
পাওনাদার		১০,০০০.০০	দেনাদার	২০,০০০.০০	
সাধারণ সঞ্চিতি		১,০০০.০০	বাদ অনাদায়ী		
মুলধন	৬০,০০০.০০		পাওনা সঞ্চিতি	১,০০০.০০	
যোগ নীট লাভ	২,৪২৫.০০			১৯,০০০.০০	
	৬২,৪২৫.০০		বাদ বাট্টা সঞ্চিতি	৪৭৫.০০	১৮,৫২৫.০০
বাদ উত্তোলন	১০,০০০.০০		৬% বিনিয়োগ		১০,০০০.০০
	৫২,৪২৫.০০		বিনিয়োগের বকেয়া সুদ		৩০০.০০
বাদ পণ্য উত্তোলন	৫,০০০.০০		অগ্রিম প্রদত্ত বেতন		১,০০০.০০
	৪৭,৪২৫.০০		অব্যবহৃত মনিহারি দ্রব্য		১০০.০০
বাদ আয়কর	২,০০০.০০	৪৫,৪২৫.০০	কলকব্জা	১০,০০০.০০	
			বাদ অবচয়	৫০০.০০	৯,৫০০.০০
			ঘোড়া ও গাড়ি	১৫,০০০.০০	
			বাদ অবচয়	১,৫০০.০০	১৩,৫০০.০০
		৭৭,৯২৫.০০			৭৭,৯২৫.০০

টীকা ঃ ১। আয়করকে মালিকের ব্যক্তিগত খরচ হিসাবে গণ্য করা হয়। সে জন্য একে মূলধন থেকে বাদ দেয়া হয়েছে।

২। দেনাদারের উপর বাট্টা সঞ্চিতি ঃ .... দেনাদার ২০,০০০.০০
বাদ ৫% হারে নতুন অনাদায়ী পাওনা সঞ্চিতি ১,০০০.০০
১৯,০০০.০০

অবশিষ্ট দেনাদারের ২.৫% হারে বাট্টা সঞ্চিতি = $\frac{১৯,০০০.০০ \times ৫}{১০০ \times ২}$ = ৪৭৫.০০ টাকা।

পাঠ সংক্ষেপ

- রেওয়ামিল থেকে লাভ লোকসান ও উদ্বৃত্ত পত্র নির্ণয় করা হয়েছে।

পাঠোত্তর মূল্যায়ন : ১১.৩

নৈর্ব্যক্তিক প্রশ্ন ঃ

সঠিক উত্তরের পাশে টিক (√) চিহ্ন দিন

১। লাভ-ক্ষতি হিসাব প্রকাশ করে ব্যবসায়ের —
ক) নীট লাভ খ) নীট ক্ষতি গ) নীট লাভ বা ক্ষতি ঘ) নীট আর্থিক অবস্থা।

২। ক্রয়-বিক্রয় হিসাব নির্ণয় করে —
ক) মোট লাভ বা ক্ষতি খ) নীট লাভ বা ক্ষতি গ) মোট ক্রয় ঘ) মোট বিক্রয়।

রচনামূলক প্রশ্ন ঃ

১. চূড়ান্ত হিসাব ব্যাখ্যা করুন। চূড়ান্ত হিসাব কিভাবে সমন্বয় করা যায় লিখুন।
২. মতিন ট্রেডার্স এর নিম্নোক্ত রেওয়ামিল হতে ৩১ ডিসেম্বর ২০০৪ সমাপ্ত বৎসরের জন্য
ক) ক্রয় বিক্রয় ও লাভ লোকসান হিসাব (খ) উদ্বৃত্ত পত্র নির্ণয় করুন।

মতিন ট্রেডার্স
রেওয়ামিল
৩১শে ডিসেম্বর ২০০৪

হিসাবের নাম	খ. পৃ.	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
মজুত পণ্য ১-১-০৪		১৫,৭০০.০০	
মূলধন			২৮,৫০০
ক্রয়		৪৫,৪৫০.০০	
বিক্রয়			৭৫,৩৮০.০০
আন্তঃফেরত		১,৩৮০.০০	
বহি:ফেরত			৪৫০.০০
মজুরি		২,৪০০.০০	
আন্তঃপরিবহন		৮০০.০০	
বেতন		১,৫০০.০০	
ভাড়া		৮০০.০০	
কারবারী খরচ		৭৫০.০০	
কমিশন ও যাতায়াত খরচ		১,১৫০.০০	
বাট্টা		৮০০	
বাট্টা প্রাপ্তি			৪৫০.০০
বিবিদ পাওনাদার			১,৫০০.০০
বিবিধ দেনাদার		২২,৫০০.০০	
আসবাবপত্র		২,০০০.০০	
নগদ তহবিল		১,৫৫০.০০	
ব্যাংক জমার উদ্বৃত্ত		৯,৫০০.০০	
		১,০৬,২৮০.০০	১,০৬,২৮০.০০

সমন্বয়সমূহ ঃ
১. সমাপনী মওজুদ পণ্য ১০,০০০ টাকা।
২. মজুরী ও বেতন বকেয়া রয়েছে যথাক্রমে ৫০০ এবং ৪০০ টাকা।
৩. ভাড়া অগ্রিম প্রদান করা হয়েছে ৩০০ টাকা।
৪. আসবাবপত্রের উপর অবচয় ধার্য করতে হবে ৫%।

৩। রাহীম-এর নিম্নলিখিত রেওয়ামিল থেকে ৩১ ডিসেম্বর'০৪ তারিখে সমাপ্ত বছরের ক্রয়-বিক্রয় হিসাব ও লাভ লোকসান হিসাব এবং উক্ত তারিখের একটি উদ্বৃত্তপত্র তৈরি করুন।

জনাব রাহীম-এর
রেওয়ামিল
৩১-১২-০৪ ইং তারিখে

হিসাবের নাম	খ. পৃ.	ডেবিট	ক্রেডিট
মজুত পণ্য ১-১-২০০৪		১০,০০০.০০	
মূলধন			৫০,০০০.০০
উত্তোলন		৫,০০০.০০	
ক্রয়		৩০,০০০.০০	
বিক্রয়			৩৫,০০০.০০
ক্রয় পরিবহন		২,০০০.০০	
বিক্রয় পরিবহন		১,০০০.০০	
ক্রয় ফেরত			১,৫০০.০০
বিক্রয় ফেরত		৫০০.০০	
মজুরি		১,৫০০.০০	
বেতন		২,০০০.০০	
ভাড়া		৬০০.০০	
কমিশন প্রাপ্তি			১২০০.০০
বিবিধ দেনাদার		২০,০০০.০০	
বিবিধ পাওনাদার			৫,০০০.০০
প্রাপ্য বিল		৫,০০০.০০	
প্রদেয় বিল			২,০০০.০০
অনাদায়ী পাওনা		৫০০.০০	
আসবাব পত্র		১২,০০০.০০	
হাতে নগদ		১,৬০০.০০	
ব্যাংক জমার উদ্বৃত্ত		৩,০০০.০০	
		৯৪,৭০০.০০	৯৪,৭০০.০০

সমন্বয়সমুহ ঃ

১. সমাপনী মজুদ পণ্যের ক্রয় মূল্য ১০,৫০০.০০ টাকা এবং বাজার মূল্য ১২,৫০০.০০ টাকা।

২. মজুরি ৩০০.০০ টাকা এবং বেতন ৫০০.০০ টাকা বকেয়া রয়েছে।

৩. মূলধন এবং উত্তোলন উভয়ের উপর ৫% হারে সুদ ধরতে হবে।

৪. দেনাদারের উপর ৫% হারে অনাদায়ী পাওনা সঞ্চিতি এবং অবশিষ্ট দেনাদারের উপর ২$\frac{১}{২}$ %বাট্টা সঞ্চিতির ব্যবস্থা করতে হবে।

ইঙ্গিত ঃ

ক. উত্তোলনের উপর গড় নিয়মে ৬ মাসের সুদ ধরা হয়েছে।

৪. মেসার্স আর্শেদের নিম্নলিখিত রেওয়ামিল হতে ৩১ ডিসেম্বর '০৪ তারিখে সমাপ্ত বছরের ক্রয়-বিক্রয় হিসাব ও লাভ-লোকসান হিসাব তৈরি করুন এবং উক্ত তারিখে ব্যবসায়ের উদ্বৃত্তপত্রটি প্রস্তুত করুন।

মেসার্স আর্শেদের
রেওয়ামিল
৩১ শে ডিসেম্বর ২০০৪ইং

হিসাবের নাম	খ. পৃ.	ডেবিট	ক্রেডিট
মূলধন			৬৫,০০০.০০
উত্তোলন		৫,০০০.০০	
নগদ তহবিল		১০,০০০.০০	
ব্যাংকে জমা		১২,০০০.০০	
মজুদ পণ্য (০১-০১-০৪)		৭,৫০০.০০	
ক্রয় ও বিক্রয়		১৫,৫০০.০০	৩০,৫০০.০০
ফেরত		২,০০০.০০	২,৫০০.০০
মজুরি		৩,৬০০.০০	
যাতায়াত খরচ		৯০০.০০	
বেতন		২,৫০০.০০	
দেনাদার ও পাওনাদার		১০,০০০.০০	৭,৫০০.০০
দালান কোঠা		২০,০০০.০০	
যন্ত্রপাতি		১২,০০০.০০	
আসবাবপত্র		৫,০০০.০০	
কমিশন		২,৫০০.০০	৩,৫০০
অনাদায়ী পাওনা		৫০০.০০	
অনাদায়ী পাওনা সঞ্চিতি			৩০০.০০
মনিহারী		৯০০.০০	
শিক্ষানবীশ সেলামী			৬০০.০০
	মোট	১,০৯,৯০০.০০	১,০৯,৯০০.০০

সমন্বয়সমুহ ঃ

১. সমাপনী মজুদ পণ্যের মূল্য ১০,৫০০.০০ টাকা।
২. মজুরী ২০০.০০ টাকা এবং বেতন ৩০০.০০ টাকা বকেয়া রয়েছে।
৩. দেনাদারের উপর ৫% হারে অনাদায়ী পাওনা ও সন্দেহজনক পাওনা সঞ্চিতির সৃষ্টি করতে হবে।
৪. অবচয় ধরতে হবে দালান কোঠার উপর ৫০০.০০ টাকা এবং যন্ত্রপাতির উপর ২০০.০০ টাকা।
৫. অব্যবহৃত মনিহারী দ্রব্যের মূল্য ২০০.০০ টাকা।

৬. ২০০৪ সালের ৩১শে ডিসেম্বর তারিখে মেসার্স জামান রেওয়ামিল নিম্নে প্রদত্ত হইল ঃ

মেসার্স জামান
রেওয়ামিল
৩১ শে ডিসেম্বর ২০০৪ সাল

হিসাবের নাম	খঃ পৃঃ	ডেবিট (টাকা)	ক্রেডিট (টাকা)
জনাব জামান-এর মূলধন			১,০০,০০০.০০
জনাব জামান-এর উত্তোলন		১০,০০০.০০	
আসবাবপত্র		১৫,০০০.০০	
কলকব্জা		৫০,০০০.০০	
প্রারম্ভিক মজুদ পণ্য		৫,০০০.০০	
মজুরী		২,১০০.০০	
আমদানী শুল্ক		১,৫০০.০০	
পণ্য ক্রয় ও পণ্য বিক্রয়		৩৪,৫০০.০০	৬৮,৮০০.০০
বিক্রয় ফেরত ও ক্রয় ফেরত		৮০০.০০	৬০০.০০
বেতন		৩,৪০০.০০	
ক্রয় পরিবহন		৮০০.০০	
ভাড়া		১,২০০.০০	
দফতর খরচাবলী		৩০০.০০	
বীমা সেলামী		১৫০.০০	
বিজ্ঞাপন খরচ		১৫,০০০.০০	
ব্যাংক জমাতিরিক্তের সুদ		১০০.০০	
অনাদায়ী দেনা সঞ্চিতি			৮০০.০০
১০% বিনিয়োগ (১-৭-০৪)		৩০,০০০.০০	
ব্যাংক জমাতিরিক্ত			২,০০০.০০
বিবিধ দেনাদার ও বিবিধ পাওনাদার		৩৪,০০০.০০	২৮,০০০.০০
সাধারণ সঞ্চিতি			৫,০০০.০০
নগদ তহবিল		১,৩৫০.০০	
		২,০৫,২০০.০০	২,০৫,২০০.০০

সমন্বয়সমূহ ঃ

১. সমাপনী মওজুদ পণ্য ২০,৫০০.০০ টাকায় মূল্যায়িত হয়েছে ;

২. মজুরি ৫০০.০০ টাকা এবং বেতন ১,৬০০.০০ টাকা বকেয়া রয়েছে। পক্ষান্তরে ভাড়া ৩০০.০০ টাকা অগ্রিম প্রদত্ত হয়েছে ;

৩. বিজ্ঞাপন খরচের দুই-তৃতীয়াংশ বিলম্বিত করতে হবে ;

৪. বিবিধ দেনাদারের ১,০০০.০০ টাকা আদায়যোগ্য নয় এবং অবশিষ্ট দেনাদারের উপর ৫% অনাদায়ী দেনা সঞ্চিতি তৈরি করতে হবে ;

৫. আসবাবপত্রের ১০% এবং কলকব্জার ৫% অবচয় ধার্য করতে হবে ; এবং

৬. জনাব জামান তাঁর নিজপ্রয়োজনে ৪০০.০০ টাকা মূল্যের পণ্য ব্যবসা থেকে উত্তোলন করেছেন কিন্তু এর কোন জায় হিসাব বহিতে লিপিবদ্ধ হয়নি।

আপনার করণীয় ঃ

২০০৪ সালের ৩১শে ডিসেম্বর তারিখে সমাপ্ত বৎসরের জন্য - ক) ক্রয়-বিক্রয় হিসাব ; (খ) লাভ-লোকসান হিসাব ; এবং (গ) উক্ত তারিখে ব্যবসায়ের উদ্বৃত্ত পত্র প্রস্তুত করতে হবে।

৬. ২০০৪ সালের ৩১ শে ডিসেম্বর তারিখে জনাব মুস্তাফিজের রেওয়ামিল নিম্নে প্রদত্ত হইল ঃ

জনাব মুস্তাফিজ -এর
রেওয়ামিল
৩১ শে ডিসেম্বর ২০০৪ সাল

হিসাবের নাম	খঃ পৃঃ	ডেবিট (টাকা)	ক্রেডিট (টাকা)
জনাব মুস্তাফিজের মূলধন			৮০,০০০.০০
জনাব মুস্তাফিজের উত্তোলন		৫,৫০০.০০	
ব্যাংক জমার উদ্বৃত্ত		৫,০০০.০০	
দালান কোঠা		৪০,০০০.০০	
কলকব্জা		৩০,০০০.০০	
আসবাবপত্র		৫,০০০.০০	
ইজারা সম্পত্তি (১০ বৎসরের)		১৫,০০০.০০	
৮% বিনিয়োগ (১-৭-০৪)		১২,০০০.০০	
মওজুদ পণ্য (১-১-০৪)		১৬,৫০০.০০	
ক্রয়-বিক্রয়		৭২,০০০.০০	১,৪২,৫০০.০০
ফেরত		২,৫০০.০০	১,৫০০.০০
ক্রয় পরিবহন		৩,৫০০.০০	
মজুরি		৮,৪০০.০০	
বেতন		১২,৬০০.০০	
ভাড়া		৬,০০০.০০	
বিবিধ খরচ		১,৬০০.০০	
আমদানী শুল্ক		৫,০০০.০০	
বীমা সেলামী		৫০০.০০	
অনাদায়ী দেনা ও অনাদায়ী দেনা সঞ্চিতি		১,২০০.০০	২,৮০০.০০
মনিহারী খরচ		১,৮০০.০০	
বিবিধ দেনাদার ও বিবিধ পাওনাদার		৩৬,০০০.০০	৫৪,০০০.০০
নগদ তহবিল		৭০০.০০	
		২,৮০,৮০০.০০	২,৮০,৮০০.০০

সমন্বয়সমূহ ঃ

১. সমাপনী মওজুদ পণ্য ১৯,৮০০.০০ টাকায় মূল্যায়ন করা হয়েছে ;
২. অব্যবহৃত মনিহারী দ্রব্যের মূল্যে ৮০০.০০ টাকা ;
৩. জনাব মুস্তাফিজ ২,০০০.০০ টাকা পণ্য সামগ্রী ব্যক্তিগত ব্যবহারের জন্য উত্তোলন করেছেন হিসাবের অন্তর্ভুক্ত হয়নি ;
৪. বেতন ও বিবিধ খরচ যথাক্রমে ১,৪০০.০০ টাকা ও ৮০০.০০ টাকা বকেয়া রয়েছে ;
৫. বিবিধ দেনাদারের উপর ৫% অনাদায়ী দেনা সঞ্চিতি তৈরি করতে হবে ;
৬. দালান-কোঠার ৫% কলকব্জার ১০% এবং আসবাবপত্রের ১৫% অবচয় ধরতে হবে ;

আপনার করণীয় ঃ

২০০৪ সালের ৩১শে ডিসেম্বর তারিখে সমাপ্ত বৎসরের জন্য (ক) ক্রয়-বিক্রয় হিসাব ; (খ) লাভ-লোকসান হিসাব এবং (গ) উক্ত তারিখে উদ্বৃত্ত পত্র প্রস্তুতকরণ।

৭। ২০০৪ সালের ৩১ শে ডিসেম্বর তারিখে জনাব নাজমা -এর রেওয়ামিল নিম্নে দেওয়া হইল ঃ

জনাব নাজমা
রেওয়ামিল
৩১ শে ডিসেম্বর ২০০৪ সাল

হিসাবের বিবরণ	খঃ পৃঃ	ডেবিট (টাকা)	ক্রেডিট (টাকা)
জনাব নাজমার মূলধন			১,০০,০০০.০০
দালান কোঠা		৬০,০০০.০০	
আসবাবপত্র		১৫,০০০.০০	
১৬% বিনিয়োগ (১-৭-০৪)		২০,০০০.০০	
মওজুদ পণ্য (১-১-০৪)		১৮,৫০০.০০	
পণ্য ক্রয় ও বিক্রয়		১,০৫,৫০০.০০	১,৮৫,৫০০.০০
পণ্য ফেরত		৩,৫০০.০০	৩,০০০.০০
মজুরি		৫,৫০০.০০	
ক্রয় পরিবহন		২,৫০০.০০	
বিক্রয় পরিবহন		২,০০০.০০	
শুল্ক		৪,৫০০.০০	
বেতন		১৮,৫০০.০০	
ভাড়া		১৫,০০০.০০	
সাধারণ খরচাবলী		৩,৫০০.০০	
বিজ্ঞাপন		৭,৫০০.০০	
মনিহারী		৫,০০০.০০	
বিনিয়োগের সুদ			১,০০০.০০
ব্যাংক জমাতিরিক্ত			১০,৫০০.০০
বিবিধ পাওনাদার			২৫,০০০.০০
বিবিধ দেনাদার		২১,৫০০.০০	
মিঃ ডারবিনের উত্তোলন		১২,০০০.০০	
নগদ তহবিল		৫,০০০.০০	
		৩,২৫,০০০.০০	৩,২৫,০০০.০০

সমন্বয়সমূহ ঃ

১. ২,৫০০.০০ টাকার আগুনে বিনষ্ট পণ্য বিবেচনা করার পূর্বে সমাপনী মওজুদ পণ্যের ৩২,৫০০.০০ টাকায় মূল্যায়ন করা হয়েছে ;
২. মজুরি ১,৫০০.০০ টাকা ও বেতন ৩,৫০০.০০ টাকা বকেয়া রয়েছে । পক্ষান্তরে ভাড়া, ৩,০০০.০০ টাকা অগ্রিম প্রদত্ত হয়েছে ;
৩. মনিহারী ক্রয় ৪০০.০০ টাকা সাধারণ খরচাবলীর অন্তর্ভুক্ত হয়েছে ; ১,০০০.০০ টাকা মূল্যের মনিহারী দ্রব্যাদি এখন পর্যন্ত অব্যবহৃত রয়েছে ;
৪. বিবিধ দেনাদারের ১,৫০০.০০ টাকা আদায়যোগ্য নয় ; অবশিষ্ট দেনাদারের ১০% ধরে অনাদায়ী দেনা সঞ্চিতি তৈরি করতে হবে;
৫. দালান-কোঠার ৫% এবং আসবাবপত্রের ১০% অবচয় ধার্য করতে হবে ;
৬. ক্যাশিয়ারের কাছ থেকে ৪,০০০.০০ টাকা ছিনতাই হয়েছে কিন্তু ইহা হিসাবভুক্ত হয়নি ;

আপনার করণীয় ঃ

২০০৪ সালের ৩১শে ডিসেম্বর তারিখে সমাপ্ত বৎসরের জন্য (ক) ক্রয়-বিক্রয় হিসাব ; (খ) লাভ-লোকসান হিসাব; এবং (গ) উক্ত তারিখে ব্যবসায়ের উদ্বৃত্ত পত্র প্রস্তুতকরণ।

৮. জনাব মুনীর-এর নিম্নপ্রদত্ত রেওয়ামিল হইতে ২০০৪ সালের ৩১ শে ডিসেম্বর তারিখে সমাপ্ত বৎসরের ক্রয়-বিক্রয় হিসাব এবং লাভ-লোকসান হিসাব তৈরি করুন এবং উক্ত তারিখে ব্যবসায়ের উদ্বৃত্ত পত্র তৈরি করুন ঃ

জনাব মুনীর
রেওয়ামিল
৩১ শে ডিসেম্বর ২০০৪ সাল

হিসাবের নাম	খঃ পৃঃ	ডেবিট (টাকা)	ক্রেডিট (টাকা)
মূলধন			৪০,০০০.০০
উত্তোলন		২,৪০০.০০	
৬% ঋণ			৫,০০০.০০
বিবিধ পাওনাদার			২৭,০০০.০০
বিবিধ দেনাদার		৪৫,০০০.০০	
আসবাবপত্র		২,০০০.০০	
দালান-কোঠা		২০,০০০.০০	
মজুদ (১-১-২০০৪)		১৫,০০০.০০	
ক্রয়		৬৮,৯০০.০০	
বিক্রয়			৯১,৪০০.০০
বিক্রয় ফেরত		১,৪০০.০০	
ক্রয় ফেরত			৯০০.০০
মজুরি		১,২০০.০০	
বেতন		২,৪০০.০০	
ভাড়া		১,৫০০.০০	
বীমা		৫০০.০০	
ব্যবসায়ী খরচ		১,৮০০.০০	
ভ্রমণ খরচ		৮০০.০০	
অনাদায়ী দেনা সঞ্চিতি			১,৫০০.০০
নগদ তহবিল		৪০০.০০	
ব্যাংক জমার উদ্বৃত্ত		১,৫০০.০০	
বিজ্ঞাপন		১,০০০.০০	
		১,৬৫,৮০০.০০	১,৬৫,৮০০.০০

সমন্বয়সমুহ ঃ

১. সমাপনী মওজুদ পণ্য ৮,৫০০.০০ টাকায় মূল্যায়ন করা হয়েছে (ক্রয় মূল্যে ৮,০০০.০০ টাকা);
২. ছয় মাসের ঋণের সুদ অপরিশোধিত রয়েছে;
৩. অনাদায়ী দেনা বাবদ ১,০০০.০০ টাকা অবলোপন করুন এবং বিবিধ দেনাদার-এর ৫% অনাদায়ী দেনা সঞ্চিতি তৈরি করুন;
৪. বিবিধ পাওনাদার-এর উপর ২% হারে বাট্টা সঞ্চিতি তৈরি করুন;
৫. আসবাবপত্রের ১০% এবং দালান-কোঠার ৫% অবচয় ধার্য করুন;
৬. বিজ্ঞাপন খরচের এক-চতুর্থাংশ পরবর্তী বৎসরের জন্য বিলম্বিত করতে হবে;
৭. মূলধনের উপর বার্ষিক ৫% হারে সুদ ধরতে হবে।